সংবাদ

তারিখ ... 20 DEC 2017 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... ......

# ইবির ৮ শিক্ষার্থীর 'ডিনস অ্যাওয়ার্ড' লাভ

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ৮ শিক্ষার্থীকে ডিনস অ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। গতকাল বেলা ১২টায় ফলিত বিজ্ঞান অনুষদের ১৪০নং কক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে শিক্ষার্থীদের অ্যাওয়ার্ড প্রদান করা হয়। ২০১০-১১ শিক্ষাবর্ষে বিএসসি সম্মান পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য তাদের এ অ্যাওয়ার্ড দেয়া হয়।

ডিনস অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- ইলেকট্রিকাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের মোত্তালিব হোসেন, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের রওনক জাহান, কম্পিউটার সায়েন্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের সাবরিনা ফেরদৌস, ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগের খানজাহান আলী, বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আরিফুল ইসলাম, ফলিত পুষ্টি ও খাদ্য প্রযুক্তি বিভাগের আকলিমা সুলতানা, গণিত বিভাগের মোজাম্মেল হোসেন ও পরিসংখ্যান বিভাগের মাহফুজুর রহমান।

ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুষদের ডিন অধ্যাপক ড. শামসুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন উর রশিদ আসকারী।

বিশেষ অতিথি ছিলেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের অধ্যাপক ড. আবদুস সাত্তার ও ইবির সাবেক উপ-উপাচার্য এবং পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. কামাল উদ্দিন।